

মাধ্যমিকের সরকারি বই পৌঁছানো যাচ্ছে না উপজেলায়

হরতাল-অবরোধে দিশেহারা কুমিল্লার প্রকাশকরা

■ মো. সুফুর রহমান, কুমিল্লা প্রতিনিধি
ঢানা হরতাল-অবরোধের ফলে পরিবহন সংকেটে দিশাহারা হয়ে পড়ছেন কুমিল্লার ছাপাখানার মালিকরা। দরপত্র কার্যাদেশ অনুযায়ী নভেম্বর মাসের মধ্যে মাধ্যমিক পর্যায়ের বই মুদ্রণ ও বাণিজ্য করে হরতাল-অবরোধের কারণে তারা এসব বই বিভিন্ন জেলায় ৭০ উপজেলায় পৌঁছে দিতে পারছেন না।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড মাধ্যমিক পর্যায়ের বই থেকে দশম শ্রেণির বই মুদ্রণ-বাণিজ্য ও সরবরাহের জন্য দরপত্র আহ্বান করে। এতে অংশগ্রহণকারীদের মধ্যে মহানগরীতে অবস্থিত সরকারি প্রিন্টার্স এন্ড পাবলিকেশন, লাকী প্রিন্টার্স, নেটওয়ার্ক প্রিন্টার্স, পত্র নিকেডন, জেম আর্ট প্রেস ও পুঁথিপত্রসহ কুমিল্লার ৬টি ছাপাখানার মালিকও গত আগস্ট মাসের শেষ সত্তাহে কার্যাদেশ পায়। ওই কার্যাদেশে ১৪ সত্তাহের মধ্যে খাগড়াছড়ি, বাম্বরবান, রানামাটি, কলকাজার, চট্টগ্রাম, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষীপুর, কুমিল্লা ও ফেনী জেলা এবং

চট্টগ্রাম বিভাগের বিভিন্ন জেলার উপজেলা পর্যায়ের বই থেকে দশম-শ্রেণির, বাংলা, ইংরেজি, গণিত, কৃষি বিজ্ঞান, ইসলাম ধর্ম ও নৈতিক-শিক্ষা, হিন্দু ধর্ম ও চারুপাঠসহ সরকারি বই মুদ্রণ ও বাণিজ্য করে সরবরাহ করার নির্দেশনা দেয়া হয়।

ওই নির্দেশনা অনুযায়ী নভেম্বর মাসের মধ্যে এসব বই সরবরাহের জন্য ছাপাখানার মালিকরা বই মুদ্রণ ও বাণিজ্য করে কিছু কিছু উপজেলায় সরবরাহ করলেও ৭০টি উপজেলায় এখনো বই পৌঁছানো যায়নি। এর মধ্যে সরকারি প্রিন্টার্স এন্ড পাবলিকেশন ও লাকী প্রিন্টার্স ৩ উপজেলা, পত্র নিকেডন ১৩ উপজেলা, জেম আর্ট প্রেস ১২ উপজেলা, নেটওয়ার্ক প্রিন্টার্স ১০ উপজেলা ও পুঁথিপত্র ৩৫ উপজেলাসহ ৭০টি উপজেলায় বই পৌঁছে দিতে পারেনি। প্রায় ৬০ ভাগ বই তাদের ব্যক্তিগত ওদামে রেখে দিয়েছেন। ১৮ দলের দেশবাসী অবরোধ এবং কোন কোন জেলা-উপজেলায় হরতালের কারণে ট্রাক বা অন্য কোন পরিবহন না পাওয়ায় যথাসময়ে তারা এসব বই সরবরাহ করতে পারছেন না। এ বিষয়ে সরকারি প্রিন্টার্স এন্ড

পৃষ্ঠা ২ কলাম ২

মাধ্যমিকের সরকারি

২০ পৃষ্ঠার পর

পাবলিকেশনের মালিক জুবায়ের আলম সরকার ও পুঁথিপত্র প্রেস মালিক নিজাম উদ্দিন জানান, আমরা কার্যাদেশ অনুযায়ী বই মুদ্রণ ও বাণিজ্য কাজ যথাসময়ে সম্পন্ন করেছি, অবরোধে পরিবহন সংকেটের কারণে এসব বই প্রত্যন্ত এলাকায় উপজেলা পর্যায়ের পৌঁছানো যাচ্ছে না। দ্রুত ভাড়া দেয়ার কথা বললেও দেশবাসী পাড়িতে আসেন, ভাঙুর ও সহিংস ঘটনার ফলে পরিবহনের মালিক ও চালকরা প্রাণভয়ে কেউ সম্মত হচ্ছেন না। এতে আমরা ব্যবসায়িকভাবে অপূরণীয় ক্ষতির সম্মুখীন হচ্ছি। এদিকে বছরের শুরুতে শিক্ষার্থীদের নতুন বই পাওয়া এবং সরকারের বই উৎসব নিয়ে অস্বস্তিতা দেখা দেয়ার আশংকা প্রকাশ করেন প্রেস মালিকরা।